# উপজেলা পরিষদ
# কালিগঞ্জ, সাতক্ষীরা।

## জুন ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
### অধিবেশন নং - ০৬/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৬-০৬-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td><u>উপজেলা প্রকৌশল দপ্তর</u> ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে এই উপজেলার এডিপি ও উন্নয়ন প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত করা সম্ভব হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।</td><td>২০২২-২৩ অর্থবছরে এই উপজেলার এডিপি ও উন্নয়ন প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়।</td><td>উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>২. (খ) সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান যে, পাঁচবাড়িয়া লাউতলী খাল খনন করার ফলে এখানে বিএডিসি বা অন্য কোন সংস্থার মাধ্যমে যদি খালের দু'পাশে দু'টি রেগুলেটর লাগানো হয় তাহলে ৭টি মৌজায় এক ফসলী জমি তিন ফসলী জমিতে রুপান্তরিত করা সম্ভব। যা আমাদের কালিগঞ্জের খাদ্য শস্য উৎপাদনে ব্যাপক প্রভাব ফেলবে এবং কালিগঞ্জে খাদ্য উদ্বৃত্ত করা সম্ভব হবে। অত্র এলাকার মানুষ এই খালের লবণ পানি আসার ফলে আর চাষাবাদ করতে পারছে না। বিশেষ করে মলেঙ্গা, টুপদিয়া, বিজয়নগর, কৃষ্ণপুর, বাগমারী, সাতহালিয়া সহ অত্র এলাকার প্রতিটি জমি অত্যন্ত উর্বর। এই খালের দু'দিক থেকে যদি দু'টি রেগুলেটর বসালে বর্ষা মৌসুমে সাধু পানি জমা করে ব্যাপকভাবে কৃষি উৎপাদন সম্ভব হবে। এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>পাঁচবাড়িয়া ও লাউতলী খালের শেষ প্রান্তে দুইটি রেগুলেটর বসানোর জন্য বিএডিসি (সেচ), কালিগঞ্জ, সাতক্ষীরা ও উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।</td><td>১। উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। বিএডিসি (সেচ), কালিগঞ্জ, সাতক্ষীরা।</td></tr>
<tr><td>২. (গ) সভায় জানানো হয় যে, সম্প্রতি রাজধানী ঢাকা সহ সারা দেশব্যাপী ডেঙ্গুর প্রকোপ বেড়েছে। ডেঙ্গু আক্রান্তের ফলে অনেক মানুষ জ্বরে আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। তাই এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নের ডোবানালা, ড্রেন সহ যেসকল জায়গায় ডেঙ্গু মশার বিস্তার ঘটার সম্ভবনা রয়েছে সে সকল জায়গায় ডেঙ্গুর লাভা নষ্ট করার উদ্দেশ্যে ফগার মেশিন ও মশক নিধন ঔষধ ক্রয় করে ছিটানোর জন্য উপজেলা উন্নয়ন তহবিল থেকে প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>উপজেলায় বিভিন্ন ইউনিয়নের ডোবানালা, ড্রেন সহ যেসকল জায়গায় ডেঙ্গু মশার বিস্তার ঘটার সম্ভবনা রয়েছে সে সকল জায়গায় ডেঙ্গুর লাভা নষ্ট করার উদ্দেশ্যে ফগার মেশিন ও মশক নিধন ঔষধ ক্রয় করে ছিটানোর জন্য উপজেলা উন্নয়ন তহবিল থেকে প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পের নাম ঃ বিভিন্ন ইউনিয়নে মশক নিধনের জন্য ফগার মেশিন ও ঔষধ ক্রয়।<br>প্রকল্পের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল।<br>প্রকল্পের ব্যয় ঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>বাস্তবায়ন কমিটি<br><table><tr><th>ক্রঃ নং</th><th>নাম ও পদবী</th><th>কমিটির পদবী</th></tr><tr><td>১</td><td>জনাব ওয়াসীম উদ্দীন, উপজেলা কৃষি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td><td>আহবায়ক</td></tr><tr><td>২</td><td>জনাব ফেরদাউস মোড়ল, চেয়ারম্যান, মৌতলা ইউপি,</td><td>সদস্য</td></tr><tr><td>৩</td><td>জনাব ইনছার আলী, উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr></table></td><td>১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ২. (ঘ) রতনপুর ইউনিয়নে তেলিখালী কমিউনিটি ক্লিনিক থেকে কুলতলী স্লুইজ গেট ভায়া বাগমারী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ২ কিলো মি: ইটসোলিং করণ ঃ<br><br>সভায় জানানো হয় যে, রতনপুর ইউনিয়নে তেলিখালী কমিউনিটি ক্লিনিক থেকে কুলতলী স্লুইজ গেট ভায়া বাগমারী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত কোন ইট সোলিং নাই ফলে এলাকার গরীব অসহায় মানুষেরা কমিউনিটি ক্লিনিকে গিয়ে সেবা গ্রহণ করতে পারে না। এছাড়া ছোট কোমলমতি ছাত্র-ছাত্রীদের বর্ষা মৌসুমে বিদ্যালয়ে যেতে খুবই ভোগান্তি পোহাতে হয়। তাই মানবিক দিক বিবেচনা করে উপজেলা উন্নয়ন তহবিল থেকে উক্ত প্রকল্প গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রতনপুর ইউনিয়নে তেলিখালী কমিউনিটি ক্লিনিক থেকে কুলতলী স্লুইজ গেট ভায়া বাগমারী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ২ কিলো মি: ইটসোলিং করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>প্রকল্পের নাম ঃ রতনপুর ইউনিয়নে তেলিখালী কমিউনিটি ক্লিনিক থেকে কুলতলী স্লুইজ গেট ভায়া বাগমারী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ২ কিলো মি: ইটসোলিং করণ।<br><br>বরাদ্দের পরিমাণ ঃ ৪৩,৫৯,৩৫১ (তেতাল্লিশ লক্ষ উনষাট হাজার তিনশত একান্ন) টাকা<br><br>বরাদ্দের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল<br><br>বাস্তবায়ন ঃ উক্ত প্রকল্পটি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২. (ঙ) রতনপুর ইউনিয়নে দুলাবালা ফরমানপাড়া মসজিদ থেকে চকপাড়ুয়া গোবিন্দ এর বাড়ি ইটসোলিং মেরামত ও RCC গাইড ওয়াল নির্মাণ ঃ<br><br>সভায় জানানো হয় যে, রতনপুর ইউনিয়নে দুলাবালা ফরমানপাড়া মসজিদ থেকে চকপাড়ুয়া গোবিন্দ এর বাড়ি পর্যন্ত রাস্তাটির অত্যন্ত বেহাল দশা। বর্ষা মৌসুমে এলাকার জনগণ রাস্তাটি দিয়ে চলাচল করতে পারছে না। এবং রাস্তাটির বিভিন্ন জায়গা পুকুরের মধ্যে ভেঙ্গে পড়েছে। রাস্তাটি সংরক্ষণের জন্য পুকুরগুলোতে RCC গাইড ওয়াল নির্মাণ খুবই প্রয়োজন। তাই অতিব গুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা উন্নয়ন তহবিল থেকে উক্ত প্রকল্প গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রতনপুর ইউনিয়নে দুলাবালা ফরমানপাড়া মসজিদ থেকে চকপাড়ুয়া গোবিন্দ এর বাড়ি ইটসোলিং মেরামত ও RCC গাইড ওয়াল নির্মাণ করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>প্রকল্পের নাম ঃ রতনপুর ইউনিয়নে দুলাবালা ফরমানপাড়া মসজিদ থেকে চকপাড়ুয়া গোবিন্দ এর বাড়ি ইটসোলিং মেরামত ও RCC গাইড ওয়াল নির্মাণ।<br><br>বরাদ্দের পরিমাণ ঃ ৩,১০,৩০০ (তিন লক্ষ দশ হাজার তিনশত) টাকা<br><br>বরাদ্দের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল<br><br>বাস্তবায়ন ঃ উক্ত প্রকল্পটি RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৩। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, কুশুলিয়া ইউনিয়নের বাজারগ্রামের রামপ্রসাদ জেলে নদীতে মাছ ধরতে গিয়ে ডুবে মারা যায়। জেলের পরিবারকে আর্থিক সাহায্য হিসাবে উপজেলা মৎস্য বিভাগ থেকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক প্রদান করা হয়েছে। এছাড়া আগামী অর্থবছরে সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় আরো ৮টি ক্লাস্টার তৈরি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি মৎস্য ও মৎস্য পণ্য চিংড়িতে অপদ্রব্য পুশ বন্ধে অভিযান পরিচালনা কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে অতিরিক্ত আরো ৮টি ক্লাষ্টার তৈরির লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগকে অনুরোধ জানান। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৪। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। এ সময় ভাড়াশিমলা ইউনিয়ন চেয়ারম্যান সাহেব বলেন, কালিগঞ্জ উপজেলায় যত্রতত্র রেজিষ্ট্রেশনকৃত এবং রেজিষ্ট্রেশনবিহীন বিভিন্ন ক্লিনিক গড়ে উঠেছে। যাদের বেশিরভাগেরই সেবার মান ভালো না এবং বিভিন্ন ভুল রিপোর্ট দিয়ে অসুস্থ রোগীদের চরম হয়রানি করছে। তাই এদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলায় বেসরকারি ক্লিনিকগুলোতে সেবার মান বৃদ্ধি ও বিভিন্ন ডায়াগনিষ্টিক রিপোর্টের সঠিকতা যাচাই এবং রোগীদের অযথা হয়রানি বন্ধের লক্ষ্যে ক্লিনিকগুলোতে বিভিন্ন সময় মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, |

| | | |
|---|---|---|
| ৫। <u>উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম</u> ঃ (ক) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, প্রণোদনা কর্মসূচির আওতায় ১২টি ইউনিয়নে ১৯০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূল্যে ধান বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়। পাশাপাশি ভাড়াশিমলা ইউনিয়নে ১৫০ বিঘা জমিতে সমলয় চাষাবাদের জন্য কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ করা হয়। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, কৃষি খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যে সকল খালগুলো ইতোপূর্বে খনন করা হয়েছে সে সকল খালগুলি সহ বিশেষ করে লাউতলী খাল, কলকলি খাল ও পাউখালী খালের মুখে রেগুলেটর লাগানো হয় তাহলে এসকল এলাকার প্রায় ৫ হাজার হেক্টর এক ফসলী জমি তিন ফসলী জমিতে রুপান্তরিত করা সম্ভব। যা আমাদের কালিগঞ্জের খাদ্য শস্য উৎপাদনে ব্যাপক প্রভাব ফেলবে এবং কালিগঞ্জে খাদ্য উদ্বৃত্ত করা সম্ভব হবে। মৌতলা ইউনিয়ন চেয়ারম্যান সাহেব বলেন যে, মৌতলা ইউনিয়নে সাপখালি খাল থেকে শুরু করে গোফরানা খাল হয়ে এর ভাগরো কালভার্ট পর্যন্ত প্রায় ৩.৫ কিঃমিঃ খাল পুনঃখনন করে উক্ত খালের মুখে রেগুলেটর স্থাপন করা হলে অত্র এলাকার প্রায় ৫ হাজার হেক্টর এক ফসলী জমি তিন ফসলী জমিতে রুপান্তরিত করা সম্ভব। এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | কৃষি খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যে সকল খালগুলো ইতোপূর্বে খনন করা হয়েছে সে সকল খালগুলি সহ বিশেষ করে লাউতলী খাল, কলকলি খাল ও পাউখালী খালের মুখে রেগুলেটর লাগানো সহ মৌতলা ইউনিয়নে সাপখালি খাল থেকে শুরু করে গোফরানা খাল হয়ে এর ভাগরো কালভার্ট পর্যন্ত ৩.৫ কিঃমিঃ খাল পুনঃখনন করে উক্ত খালের মুখে রেগুলেটর স্থাপন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৬। <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ইতোমধ্যে এ উপজেলার এডিপি ও উন্নয়ন প্রকল্প থেকে বাস্তবায়নাধীন পুরুষ ছাগল ক্রয় করে ৩টি ইউনিয়নে হতদরিদ্র কর্মক্ষম পরিবারের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৭। <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ইতোমধ্যে ৪টি ইউনিয়নে ভিজিএফ কর্মসূচির আওতায় চাল বিতরণ করা হয়েছে। বাকিগুলো অতিদ্রুত বিতরণ করা হবে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৮। <u>উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা-২০২৩ আগামী ৯ই জুলাই হতে ১২ই জুলাই এর মধ্যে সমাপ্ত করা হবে। এছাড়া প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার গুণগত মান বৃদ্ধির জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীদের পরিস্কার পরিচ্ছন্ন পরিপাটি পোষাক পরিধান করা সহ সকলের সাথে সুন্দর ব্যবহার একান্ত কাম্য। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা শিক্ষা অফিসার কে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রে জুন মাসে খাদ্য শস্যের ডিও জারি সম্পন্ন হয়েছে। এছাড়া ১২টি ইউনিয়নের মধ্যে ৫টি ইউনিয়নে ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। উপজেলায় বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি মানব পাচার প্রতিরোধ কমিটি ও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত সম্পন্ন হয়েছে। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগীদের টাকা পাওয়া শুরু হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন ইতোমধ্যে বয়স্ক, বিধবা ভাতার টাকা পে-রোল দেয়া হয়েছে। এছাড়া যেসকল ভাতাভোগী এখনো টাকা পাননি তাদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যে সকল ভাতাভোগী এখনো টাকা পাননি তাদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া তিনি আরো বলেন মৌতলা ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের জায়গা নিয়ে দীর্ঘদিন বিরোধ চলে আসছে। উক্ত কমিউনিটি ক্লিনিকের জায়গা বিরোধ নিষ্পত্তির জন্য FWC মামলা সংক্রান্ত ল্যান্ড সার্ভে ট্রাইবুনালে আপিল করার জন্য মৌতলা FWC কমিটির সভাপতি ইউনিয়ন চেয়ারম্যান বাদী হয়ে আপীল করার বিষয়ে আলোচনা হয়। | মৌতলা FWC মামলা সংক্রান্ত ল্যান্ড সার্ভে ট্রাইবুনালে আপিল করার জন্য মৌতলা FWC কমিটির সভাপতি ইউনিয়ন চেয়ারম্যানকে আপীল করার জন্য অনুরোধ জানানো হয় এবং এ ব্যাপারে প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের ঋণ কার্যক্রম চলমান এবং অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ১৪। বন বিভাগের কার্যক্রম ঃ<br>কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন যে, প্রতিটি ইউনিয়নে রাস্তার পাশে যে সকল মরা গাছ আছে সেগুলো মূল্য নির্ধারণ করে প্রাক্কলন ও কাগজপত্র আগামী সভায় পেশ করার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি আরো বলেন, এখন বর্ষা মৌসুম চলছে। এ সময় প্রতিটি সরকারি অফিসের আশপাশে ও ইউনিয়ন পরিষদের পরিত্যক্ত জায়গায় ঔষধী, বনজ ও ফলজি গাছ রোপনের জন্য সকল দপ্তরের প্রধান এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) প্রতিটি ইউনিয়নে রাস্তার পাশে যে সকল মরা গাছ আছে সেগুলো মূল্য নির্ধারণ করে প্রাক্কলন ও কাগজপত্র আগামী সভায় পেশ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) বর্ষা মৌসুমে সরকারি অফিসের আশপাশে ও ইউনিয়ন পরিষদের পরিত্যক্ত জায়গায় ঔষধী, বনজ ও ফলজি গাছ রোপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) সংশ্লিষ্ট অফিস প্রধান (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন, বিশ্বব্যাংকের অর্থায়নে "ইকোনমিক এক্সিলারেশন অ্যান্ড রেজিলিয়েন্স ফর নিট (আর্ন)" শীর্ষক এই উন্নয়ন প্রকল্পের প্রস্তাব যুব ও ক্রীড়া বিষয়ক মন্ত্রণালয় ইতোমধ্যেই পরিকল্পনা কমিশনে পাঠিয়েছে। আগামী অর্থ বছর হতে উক্ত প্রকল্পের আওতায় সারা বাংলাদেশে ২৫০টি উপজেলায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্প এ উপজেলায় যাতে বাস্তবায়িত হয় এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিশ্বব্যাংকের অর্থায়নে ইকোনমিক এক্সিলারেশন অ্যান্ড রেজিলিয়েন্স ফর নিট (আর্ন) শীর্ষক এই উন্নয়ন প্রকল্প হতে এ উপজেলায় যাতে বাস্তবায়িত হয় এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষী |
| ২০। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমো কর্মকর্তা কালিগ সাতক্ষীরা |

<table>
<tr>
<td><u>২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ</u><br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউডিএফ) জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ে দক্ষতা মূল্যায়নের এ উপজেলা ৪০ লক্ষ টাকা বরাদ্দ পেয়েছে। আগামী ৩১ শে আগষ্ট ২০২৩ তারিখের মধ্যে উক্ত অর্থের উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণ করে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>আগামী ৩১ শে আগষ্ট ২০২৩ তারিখের মধ্যে উক্ত অর্থের উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণ করে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।</td>
<td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ</td>
</tr>
<tr>
<td><u>২২। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ</u><br>(ক) সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম বলেন যে, সরকারী অফিসগুলোর বিদ্যুৎ বিল ও উপজেলা পরিষদের অভ্যন্তরে যে সকল মিটার আছে তার ২০২২-২৩ অর্থবছরে বকেয়া বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধ করতে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ জানান।</td>
<td>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএমকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখা সহ কৃষিকাজে ব্যবহৃত সেচমিটারগুলো দ্রুত গ্রাহকদের নিকট প্রদানের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td><u>২৩। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ</u><br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়।</td>
<td>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td><u>২৪। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ</u><br>উপজেলা বিএডিসি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে আমন ধানের বীজ মজুত আছে। কৃষকরা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে উপজেলা বিএডিসি কার্যালয় থেকে আমন ধানের বীজ সংগ্রহ করতে পারবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>বিএডিসি বিভাগের প্রতিটি ইউনিয়নে যে সকল এলাকায় নিরাপদ খাবার পানির অগভীর/গভীর নলকূপ আছে সেই সকল এলাকা থেকে সেচ মিটার বন্ধ করা আশু প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা বিএডিসি কার্যালয় থেকে আমন ধানের বীজ সংগ্রহ করতে কৃষকদেরকে উদ্বুদ্ধ করতে ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়।<br><br>কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (এস,আর,ও নং ১২৮- আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্র নং</th><th>নাম, পিতার নাম</th><th>ঠিকানা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>শেখ ফিরোজ পিং-শেখ ছামছুর রহমান</td><td>মুকুন্দপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>২.</td><td>শামছুজ্জামান, পিং-মোঃ আব্দুল কাদীর</td><td>শ্রীরামপুর</td><td>যোগ্য</td></tr>
</table></td>
<td>(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) সহকারী প্রকৌশলী, বিএডিসি, কালিগঞ্জ, সাতক্ষীরা ·<br>(৩) চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ</td>
</tr>
</table>

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

তারিখ : ২৬/০৬/২০২৩ খ্রিঃ

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩- ৭৬৪(১)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা ------------------------------------ কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। চেয়ারম্যান ---------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৪। জনাব ------------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

## ২৬/০৬/২০২৩ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

### পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ |
| ৪ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি |
| ৫ | জনাব আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি |
| ৬ | জনাব নাজমুল হাসান | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি |
| ৭ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি |
| ৮ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি |
| ৯ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি |
| ১০ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি |

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জনাব ওয়াসীম উদ্দীন পক্ষে | উপজেলা কৃষি কর্মকর্তা.কালিগঞ্জ |
| ৩ | জনাব ডাঃ উৎপল রায় | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ ইফতেখারউদ্দীন জোয়ার্দার | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৭ | জনাব ডাঃ প্রবীর কুমার মুখার্জী | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৮ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ৯ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১০ | জনাব অর্ণা চক্রবর্তী পক্ষে | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১২ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| ১৩ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১৪ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ১৫ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| ১৬ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| ১৭ | জনাব আশীষ কুমার নন্দী | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৮ | | |
| ১৯ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| ২০ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| ২১ | জনাব অসিম মন্ডল | উপ-সহকারী প্রকৌশলী, (বিএডিসি) সেচ, সাতক্ষীরা জোন |
| ২২ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |

### পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি |
| ২ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি |
| ৩ | জনাব এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি |
| ৪ | জনাব গাজী শওকত হোসেন পক্ষে | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি |
| ৫ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি |

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|
| ১ | ডাঃ মোঃ বুলবুল কবীর | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| ৩ | নুর ইসলাম কাগুজী | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ৪ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| ৬ | জনাব মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |